

স্মারক নং ৪১.০১.৪২৪০.০০০.১৬.০৩৬.১৭- ২০২

তারিখঃ ২০/১১/২০২৩ খ্রি.

বিষয় : ডিসেম্বর-২০২৩ মাসে বার্ষিক ক্ষুদ্রঋণের হিসাব ক্লেরিং উপলক্ষে পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস), পল্লী মাতৃ কেন্দ্র (আরএমসি), দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তির নিকট সুদমুক্ত ক্ষুদ্রঋণের বকেয়া অর্থ আদায়ে নোটিশ জারী প্রসঙ্গে।

সূত্র : ১। সমাজসেবা অধিদফতরের স্মারক নং ৪১.০১.০০০০.০৪২.০৭.০০১.১৭-১৮২, তারিখ: ২৪/১১/২০২১ খ্রি:।
২। ক্ষুদ্রঋণের বকেয়া অর্থ আদায়ে উপজেলা ক্ষুদ্রঋণ বাস্তবায়ন কমিটির সভা নং ১১, তারিখ: ২৬/০৯/২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনি/আপনাদের দৃষ্টি আকর্ষণের জন্য জানানো যাচ্ছে যে, আপনি/আপনারা সভাপতি/সম্পাদিকা/ দলনেতা/ দক্ষ ও প্রতিবন্ধী হিসেবে ক্রীমের নাম: ----- (ক্ষুদ্রঋণ গ্রহীতার সংখ্যা: -----) বিনিয়োগে/পুন:বিনিয়োগের মাধ্যমে পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস)/ পল্লী মাতৃ কেন্দ্র (আরএমসি)/ দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তির সুদমুক্ত ক্ষুদ্রঋণ গ্রহণ করেছেন। যাহার ঋণ চুক্তিপত্র মোতাবেক ১০ (দশ) কিস্তিতে ----- তারিখে পরিশোধ করার বিধান থাকলেও সার্ভিস চার্জসহ সমুদয় পাওনা অদ্যাবদি পরিশোধ করেন নাই। যাহার বিবরণ নিম্নরূপ:

ক্রমিক নং	বিনিয়োগ/ পুন:বিনিয়োগের তারিখ	বিনিয়োগ/ পুন:বিনিয়োগের পরিমাণ	সার্ভিস চার্জ	সার্ভিস চার্জসহ মোট টাকা	সার্ভিস চার্জসহ মোট আদায়কৃত টাকা	অনাদায়ী মোট টাকা
১	২	৩	৪	৩+৪=৫	৬	৫-৬=৭

অত্র কার্যালয় হতে ইতোপূর্বে সংশ্লিষ্ট ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন সমাজকর্মীগণ উক্ত বকেয়া টাকা আদায়ের জন্য আপনাকে/আপনাদের কে বারবার তাগিদ প্রদান করলেও অনাদায়ী ঋণ পরিশোধ করেন নাই। আপনার/আপনাদের অসহযোগিতার কারণে সমাজসেবা অধিদফতরের সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম চরম ভাবে ব্যহত হচ্ছে। এভাবে সরকারি ঋণের টাকা সময় মতো পরিশোধ না করায় উক্ত এলাকার অপর সুবিধাভোগীগণ সেবা বঞ্চিত হচ্ছেন, যা এই কার্যালয় তথা সরকারের ভাবমূর্তি ও সুনাম ক্ষুণ্ন করেছে।

এমতাবস্থায় বর্ণিত পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস)/ পল্লী মাতৃ কেন্দ্র (আরএমসি)/ দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তির সুদমুক্ত ক্ষুদ্রঋণের বকেয়া অর্থ আগামী ২১ ডিসেম্বর ২০২৩ খ্রি: তারিখের মধ্যে অত্র কার্যালয়ে পরিশোধ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। অন্যথায় সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের ঋণের টাকা সময়মত পরিশোধে গড়িমসি, সরকারি অর্থ আত্মসাতের অপচেষ্টা, সরকারি কাজে অসহযোগিতা ও ব্যঘাত সৃষ্টির শাস্তিযোগ্য অপরাধের শামিল বলে গন্য হবে।

উক্ত তারিখের পর বকেয়া অর্থ আদায়ের জন্য সরকারি বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সরকারি সুদমুক্ত ক্ষুদ্রঋণের টাকা সময়মতো পরিশোধ না করে দীর্ঘদিন হাতে রাখার দায়ে পিডিআর এ্যাক্টে মামলা দায়ের হবে।
ইহা চূড়ান্ত নোটিশ হিসেবে গন্য হবে।

সংযুক্ত: বর্ণনামতে সদস্য তালিকা ----- পাতা।

সভাপতি/সম্পাদিকা/দলনেতা/ঋণ গ্রহীতা

নাম: -----

পিতার নাম: -----

----- সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রকল্প

গ্রাম: -----, ডাকঘর:-----

ওয়ার্ড:-----, ইউনিয়ন:-----

উপজেলা: ঝালকাঠি সদর, ঝালকাঠি।



(মোঃ আসাদুজ্জামান)

উপজেলা সমাজসেবা অফিসার

ঝালকাঠি সদর, ঝালকাঠি।

ও


সদস্য সচিব

উপজেলা ক্ষুদ্রঋণ বাস্তবায়ন কমিটি

ফোনঃ ০২-৪৭৮৮-৭৫৯৭৪

মোবাইলঃ ০১৭০৮-৪১৪৭২৬ (সরকারি)

প্রতিস্বাক্ষর



(অনুজা মন্ডল)

উপজেলা নির্বাহী অফিসার

ঝালকাঠি সদর, ঝালকাঠি

ও

সভাপতি

উপজেলা ক্ষুদ্রঋণ বাস্তবায়ন কমিটি

সদয় জ্ঞাতার্থে অবগতির জন্য অনুলিপি:

১। পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদফতর, সমাজসেবা অধিদফতর, আগাঁরগাঁও, ঢাকা-১২০৭।

২। পরিচালক, সমাজসেবা অধিদফতর, বিভাগীয় কার্যালয়, বরিশাল।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝালকাঠি সদর, ঝালকাঠি।

৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঝালকাঠি।

৫। উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর, ঝালকাঠি।

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঝালকাঠি সদর মডেল থানা, বাংলাদেশ পুলিশ ঝালকাঠি (অনাদায়ী অর্থ আদায়ে সহযোগিতার জন্য অনুরোধ করা হলো)।

৭। চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ, ঝালকাঠি সদর, ঝালকাঠি।

৮। অফিস কপি/নোটিশ বোর্ড।